যুগান্তর

প্রিন্ট: ২১ সেপ্টেম্বর ২০২৫, ০৩:৫৪ পিএম

শিক্ষাঙ্গন

# জকসু নির্বাচনের তারিখ ঘোষণা

যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৭ সেপ্টেম্বর ২০২৫, ১০:২১ পিএম




জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। রোডম্যাপ অনুযায়ী, অক্টোবর মাসের প্রথম পর্যায়ে নির্বাচন কমিশন গঠন করা হবে। নির্বাচন অনুষ্ঠিত হবে ২৭ নভেম্বর।

বুধবার (১৭ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ রোডম্যাপের কথা জানানো হয়।

রোডম্যাপ অনুযায়ী অক্টোবর মাসের ৮ অক্টোবর নির্বাচন কমিশন গঠন এবং কার্যক্রম শুরু হবে। নির্বাচন কমিশন ১১তম দিনে তফসিল প্রস্তুত ও ঘোষণা করবে।

নির্বাচন কমিশন নির্ধারণ করবে ছাত্র সংগঠন, সাংবাদিক সংগঠন, ও অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময়ের মাধ্যমে জকসু নির্বাচন নীতিমালা ও আচরন বিধি প্রনয়ন, জকসু নির্বাচন তফসিল প্রস্তুত ও ঘোষণা, ভোটার তালিকা প্রস্তুত, খসড়া ভোটার তালিকা প্রকাশ, ভোটার তালিকা সংশোধন (আপত্তি/অন্তর্ভূক্তিসহ), চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ,কমিশন নির্ধারণ করবে, মনোনয়ন জমা দান, মনোনয়ন বাছাই, মনোনয়নে আপত্তি (যদি থাকে) নিষ্পত্তিকরণ, চূড়ান্তপ্রার্থী তালিকা প্রকাশ, প্রচার।

তাছাড়া আরও উল্লেখ করা হয়, ভোটগ্রহণ ও অফিসিয়াল ফলাফল প্রকাশ করা হবে চলতি বছরের সালের ২৭ নভেম্বর। এ বিষয়গুলো সংবিধি/বিধি মোতাবেক রোডম্যাপ বাস্তবায়িত হবে।

এর আগে, সম্পূরক বৃত্তি কার্যকর করা, কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচনের রোডম্যাপসহ তিন দফা দাবিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীরা অনশনে বসেন।